

আইনসংক্রান্ত বিজ্ঞপ্তি নং ৩৪৪৭ ২৯-০৮-২০০২ ২০-১১-২০০২ ১৮-১২-২০০২ ০৩-১১-২০০৩ ১৩-১০-২০০৪ ১৪-০৮-২০০৫ ০৫-০১-২০০৬ ১৯-০৩-২০০৬ ০১-১০-২০০৭ ০৪-১০-২০০৭ ২৮-০৮-২০০৮ ২১-০৯-২০০৮ ১৭-১২-২০০৮ ২৩-১২-২০০৮ ১১-০৫-২০০৯ ১১-০৫-২০০৯ ১৭-১১-২০০৯ ০৮-০৩-২০১০ ২৯-০৩-২০১০ ০৩-০৫-২০১০ ২৭-০৭-২০১০ ১৯-১০-২০১০ ২৬-১০-২০১০ ০৪-০১-২০১১ ০৯-০১-২০১১ ১৩-০৪-২০১১ ১৩-০৪-২০১১

| ক্রঃ নং | সার্কুলার নম্বর | তারিখ | বিষয় |
|------------|-----------------------------|------------|---|
| ১। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৪৪৭ | ০৫-০৮-২০০২ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর বিধানসমূহ পরিপালনে অনুসরণীয় নির্দেশনাবলী সৃষ্টিভাবে পরিপালন প্রসঙ্গে।* |
| ২। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৪৫৪ | ২৯-০৮-২০০২ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর পরিপালন প্রসঙ্গে (কেন্দ্রীয় পরিপালন ইউনিট ও শাখার পরিপালন কর্মকর্তা নিয়োগ প্রদান)। |
| ৩। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৪৮৩ | ২০-১১-২০০২ | গ্রাহক পরিচিতির সঠিক তথ্যাদি সম্পর্কে নিশ্চিত হওয়া প্রসঙ্গে। |
| ৪। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৪৯২ | ১৮-১২-২০০২ | গ্রাহক পরিচিতির যথার্থতা সম্পর্কে ব্যাংকের দায়-দায়িত্ব প্রসঙ্গে। |
| ৫। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৬১৪ | ০৩-১১-২০০৩ | শাখা পর্যায়ে মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে। |
| ৬। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৭১৯ | ১৩-১০-২০০৪ | ব্যাংক সমূহের সকল হিসাবের Transaction Profile সংরক্ষণের অগ্রগতি এবং Internal Control Mechanism সম্পর্কিত বিষয় অবহিত হওয়া এবং এতদবিষয়ে প্রদত্ত পরামর্শ বাস্তবায়ন প্রসঙ্গে। |
| ৭। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৮১২ | ১৪-০৮-২০০৫ | ৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures সম্পন্নকরণ প্রসঙ্গে।* |
| ৮। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৮৪২ | ০৫-০১-২০০৬ | নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।* |
| ৯। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৮৬৬ | ১৯-০৩-২০০৬ | নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।* |
| ১০। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৯৭১ | ০১-১০-২০০৭ | নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।* |
| ১১। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৯৭৩ | ০৪-১০-২০০৭ | Politically Exposed Persons হিসাব খোলা প্রসঙ্গে।* |
| ১২। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৮/০৮ | ২৮-০৮-২০০৮ | Self Assessment * |
| ১৩। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ৭৯/০৮ | ২১-০৯-২০০৮ | মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর বিধানাবলী পরিপালনে অনুসরণীয় নির্দেশাবলী।* |
| ১৪। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১০০/০৮ | ১৭-১২-২০০৮ | সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ পর্যদকে অবহিতকরণ এবং এ অধ্যাদেশের ১৬(২) ধারা মোতাবেক অত্র ব্যাংকের কর্মকর্তাদের দায়িত্ব প্রসঙ্গে। |
| ১৫। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১০৩/০৮ | ২৩-১২-২০০৮ | Policy for combating financing of terrorism.* |
| ১৬। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১২৩/০৯ | ১১-০৫-২০০৯ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯।* |
| ১৭। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১২৪/০৯ | ১১-০৫-২০০৯ | সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯।* |
| ১৮। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৬৪/০৯ | ১৭-১১-২০০৯ | ই-কমার্স কার্যক্রম প্রসঙ্গে। |
| ১৯। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৮৩/১০ | ০৮-০৩-২০১০ | ৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures সম্পন্নকরণ প্রসঙ্গে।* |
| ২০। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৯১/১০ | ২৯-০৩-২০১০ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে অনুসরণীয় নির্দেশাবলী।* |
| ২১। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৯৬/১০ | ০৩-০৫-২০১০ | সন্দেহজনক লেনদেন রিপোর্টকরণ প্রসঙ্গে।* |
| ২২। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২২০/১০ | ২৭-০৭-২০১০ | ইলেক্ট্রনিক মিডিয়ার অনুকূলে পঞ্চাশ হাজার মার্কিন ডলার বা তদুর্ধ্ব অন্তর্ভুক্তি যে কোন রেমিট্যান্স অথবা অস্বাভাবিক লেনদেন প্রসঙ্গে। |
| ২৩। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৪৫/১০ | ১৯-১০-২০১০ | মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের (BAMLCO) কাজ তদারকি প্রসঙ্গে।* |
| ২৪। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৪৭/১০ | ২৬-১০-২০১০ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এ নতুন রিপোর্ট প্রদানকারী সংস্থা ও সম্পৃক্ত অপরাধ সংযোজন প্রসঙ্গে।* |
| ২৫। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৫৯/১১ | ০৪-০১-২০১১ | এন্টি মানি লন্ডারিং সেকশন এর কার্যক্রম ওভারসীজ ব্যাংকিং ডিপার্টমেন্ট থেকে জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট এর আওতাভুক্তকরণ প্রসঙ্গে।* |
| ২৬। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৬০/১১ | ০৯-০১-২০১১ | মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত Action Plan বাস্তবায়ন প্রসঙ্গে।* |
| ২৭। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৮৫/১১ | ১৩-০৪-২০১১ | জনতা ব্যাংক লিঃ এর ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত একাউন্ট ওপেনিং ফর্ম (KYC, TP এবং Specimen Signature Card সহ) প্রচলন প্রসঙ্গে।* |
| ২৮। | নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৮৬/১১ | ১৩-০৪-২০১১ | ই-কমার্স কার্যক্রম প্রসঙ্গে। |

* গুরুত্বপূর্ণ

SUSPICIOUS TRANSACTION REPORT (STR) (For Banks and Non Bank financial Institutions)

A. Reporting Institution :

1. Name of the Bank
2. Name of the Branch

B. Details of Report :

1. Date of sending report
2. Is this the addition of an earlier report? Yes No
3. If yes, mention the date of previous report

C. Suspect Account Details :

1. Account Number
2. Name of the account
3. Nature of the account
(Current/savings/loan/other, pls. specify)
4. Nature of ownership
(Individual/proprietorship/partnership/company/other, pls. specify)
5. Date of opening
6. Address

D. Account holder Details :

1.
 1. Name of the account holder
 2. Address
 3. Profession
 4. Nationality
 5. Other account(s) number (if any)
 6. Other business
 7. Father's name
 8. Mother's name
 9. Date of birth
 10. TIN
2.
 1. Name of the account holder
 2. Relation with the account holder
mention in sl. no. D1
 3. Address
 4. Profession
 5. Nationality
 6. Other account(s) number (if any)
 7. Other business
 8. Father's name
 9. Mother's name
 10. Date of birth
 11. TIN

E. Introducer Details :

1. Name of introducer
2. Account number

- 3. Relation with account holder
- 4. Address
- 5. Date of opening
- 6. Whether introducer is maintaining good relation with bank

F. Reason for considering the transaction (s) as unusual/suspicious

- a. Identity of Clients
- b. Activity in account
- c. Background of Client
- d. Multiple accounts
- e. Nature of transaction
- f. Value of transaction
- g. Other reason (Pls. Specify)

(Mention summary of suspicion and consequence of events)
{ To be filled by the BAMLCO}

**G. Suspicious Activity Information :
Summary characterization of suspicious activity.**

| | | |
|--|--|---|
| a. <input type="checkbox"/> Bribery/Gratuity | h. <input type="checkbox"/> Counterfeit debit/credit card | o. <input type="checkbox"/> Mortgage Loan Fraud |
| b. <input type="checkbox"/> Check Fraud | i. <input type="checkbox"/> Counterfeit instrument | p. <input type="checkbox"/> Mysterious Disappearance |
| c. <input type="checkbox"/> Check Kitting | j. <input type="checkbox"/> Credit card fraud | q. <input type="checkbox"/> Misuse of Position or Self Dealing |
| d. <input type="checkbox"/> Commercial loan fraud | k. <input type="checkbox"/> Debit card fraud | r. <input type="checkbox"/> Structuring |
| e. <input type="checkbox"/> Computer Intrusion | l. <input type="checkbox"/> Defalcation/Embezzlement | s. <input type="checkbox"/> Terrorist Financing |
| f. <input type="checkbox"/> Consumer loan fraud | m. <input type="checkbox"/> False statement | t. <input type="checkbox"/> Wire Transfer Fraud |
| g. <input type="checkbox"/> Counterfeit check | n. <input type="checkbox"/> Identity Theft | u. <input type="checkbox"/> Other |

| H. Transaction Details | | | |
|------------------------|------|--------|-------|
| Sl. no | Date | Amount | Type* |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

* Cash/Transfer/Clearing/TT/etc.
Add paper if necessary

| I. Counter Part`s Details | | | | | |
|---------------------------|------|------|--------|-------------|--------|
| Sl. no. | Date | Bank | Branch | Account no. | Amount |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

J. Has the suspicious transaction/activity had a material impact on or otherwise affected the financial soundness of the bank Yes No

K. Has the bank taken any action in this context ? If yes, give details.

| |
|--|
| |
|--|

L. Documents to be enclosed :

1. Account opening form along with submitted documents
2. KYC Profile, Transaction Profile
3. Account statement for last one year
4. Supporting Voucher/correspondence mention in sl. no. H

Signature :
(CAMLCO or authorized officer of CCU)

Name :

Designation :

Phone :

Date :

RbZv e'vsK wj wgtUW

.....kVLv

kVLv KZR - baf Yx c×wZi gva'fg wBR - ^Ae - vb wYq

গাইডেন্স নোটস অন প্রিভেশন অব মানি লন্ডারিং এর ৬.৫ অনুচ্ছেদ অনুসারে প্রত্যেকটি শাখা ব্যাংকের নিজস্ব ও জাতীয় মানি লন্ডারিং প্রতিরোধ নীতিমালার আলোকে নিবর্ণিত প্রশ্নমালার বিস্তারিত উত্তর প্রদানের মাধ্যমে স্বনির্ধারণ পদ্ধতিতে নিজেদের অবস্থান নির্ণয় করবে :

| প্রশ্নমালা | শাখার মন্তব্য |
|--|--|
| ১. শাখার মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কত (পদনুযায়ী) ? শতকরা কতজন কর্মকর্তা/ কর্মচারী মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন ? | |
| ২. শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত নীতি, পদ্ধতি ও প্রোগ্রাম এবং জাতীয় নীতিমালাসহ বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন্স সম্পর্কে অবহিত আছেন কি ? | বিষয়টি যাচাইয়ের পদ্ধতি কী ? |
| ৩. শাখা পর্যায়ে নির্দিষ্ট সময়ের বিরতিতে মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয় কি না ? | হলে কত সময় পর পর অনুষ্ঠিত হয় ? সভার আলোচ্যসূচী সকলের অবগতির জন্য বন্টন করা হয় কি না ? সভায় কি কি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে । সভায় গৃহীত সিদ্ধান্ত কিভাবে পরিপালিত হয় ? |
| ৪. ব্যক্তিণামীয়, কর্পোরেট ও অন্যান্য হিসাব (যেমন চলতি, সঞ্চয়ী, এস.টি.ডি. স্থায়ী আমানত, বিশেষ স্কীম, FC, RFCD, NFCD) খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হচ্ছে কি না ? | উহার সঠিকতা কিভাবে যাচাই হয় ? কিভাবে তা শাখায় সংরক্ষণ করা হচ্ছে ? |
| ৫. ঝুঁকির ভিত্তিতে শাখা তাদের গ্রাহকদের শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করে কি ? | করে থাকলে এ পর্যন্ত কতটি উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাব শাখায় খোলা হয়েছে ? এধরনের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে শাখা কী পদক্ষেপ গ্রহণ করেছে ? |
| ৬. ৩০ এপ্রিল, ২০০২ এর পূর্বে খোলা হিসাবসমূহের KYC procedures সম্পন্নকরণ প্রক্রিয়ায় অগ্রগতি সন্তোষজনক কি না ? | এ পর্যন্ত শাখা কর্তৃক KYC procedures সম্পন্নকরণ অগ্রগতির হার কত ? জানুয়ারী ২০১০ এর মধ্যে বিষয়টি সম্পন্ন করার জন্য শাখা কী উদ্যোগ গ্রহণ করেছে ? |
| ৭. শাখা কি গ্রাহকের KYC Profile নির্দিষ্ট সময় পর পর পুনঃ মূল্যায়নপূর্বক হালনাগাদ করে থাকে ? | করে থাকলে কিভাবে এবং কত সময় পর পর এই মূল্যায়ন সম্পাদিত হয়ে থাকে ? |

| | | |
|--|---|--|
| ৮. শাখা ভাসমান/চলন্ত গ্রাহকদের ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করে কি ? | করে থাকলে কিভাবে আলোচ্য প্রক্রিয়াটি সম্পন্ন করে থাকে ? | |
| ৯. Online ব্যাংকিং এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে জমাদানকারী ও উত্তোলনকারীর তথ্য নেয়া হয় কি ? | হয়ে থাকলে কী পদ্ধতিতে শাখায় এই মনিটরিং সম্পন্ন হয়? | |
| ১০. শাখা কি ঝুঁকি ভিত্তিক অথবা নির্ধারিত সীমার উপরের লেনদেনের ভিত্তিতে গ্রাহকদের শ্রেণী বিভাজনপূর্বক তাদের ঘোষিত TP এর সাথে গ্রাহকের লেনদেন মনিটরিং করে থাকে ? | করে থাকলে কি পদ্ধতিতে নেয়া হয় ? | |
| ১১.এ যাবৎ শাখা কর্তৃক কতগুলো সন্দেহজনক লেনদেন (STR) সনাক্ত করা হয়েছে? | শাখা কর্তৃক STR সনাক্ত করার জন্য কী ধরনের পদ্ধতির প্রবর্তন করা হয়েছে? | |
| ১২. গ্রাহক কর্তৃক পুনঃ পুনঃ নগদ লেনদেন রিপোর্টিং সীমার (CTR) নীচে লেনদেন (Structuring) সনাক্ত করার কোন পদ্ধতি শাখা কর্তৃক প্রবর্তিত হয়েছে কিনা ? | হয়ে থাকলে কিভাবে Structuring সনাক্ত করা হয়? | |
| ১৩. শাখা কর্তৃক নিয়মিত ও সঠিকভাবে CTR কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করা হচ্ছে কিনা ? | হয়ে থাকলে প্রেরিত তথ্যের সঠিকতা কিভাবে যাচাই করা হচ্ছে ? | |
| ১৪. এমএলপি আইন, সার্কুলার, প্রশিক্ষণ রেকর্ড, বিবরণী ও অন্যান্য এএমএল সংক্রান্ত বিয়মাবলীর আলাদা নথি শাখা কর্তৃক সংরক্ষণ করা হয় কি না? আইন সার্কুলার ইত্যাদির কপি শাখার সকল কর্মকর্তা/ কর্মচারীদের সরবরাহ করা হয় কিনা ? | হয়ে থাকলে হ্যাঁ অথবা না হয়ে থাকলে না লিখুন । | |
| ১৫. মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-১৪ অনুসারে শাখায় PEPs এর কোন হিসাব সংরক্ষণ করা হচ্ছে কিনা? | উত্তর হ্যাঁ হলে এই হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে কী ধরনের সতর্কতা অবলম্বন করা হচ্ছে ? | |
| ১৬. প্রধান কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন বিষয়ক দুর্বলতা/অনিয়মসমূহ নিয়মিত করা হয়েছে কিনা ? | না হয়ে থাকলে প্রতিবন্ধকতাসমূহ কী কী ? | |
| ১৭. শাখা কর্তৃক বৈদেশিক রেমিটেন্সসহ অন্যান্য ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্স মনিটরিং করা হয় কিনা ? | হয়ে থাকলে কিভাবে ? | |

| | |
|--|---|
| শাখা মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার নাম,স্বাক্ষর ,তারিখ ও সীল | শাখা ব্যবস্থাপকের নাম,স্বাক্ষর ,তারিখ ও সীল |
|--|---|

Af'stY wbiXv wfvM
RbZv e'vsK wj wgtUW
c&vb KvHj q
XvKv |
kvLv cwi`k#bi tPKw| ÷

(ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ গাইডেন্স নোটস অন প্রিভেশন অব মানি লন্ডারিং এর ৬.৬ অনুচ্ছেদ এর নির্দেশনা মোতাবেক নিম্নলিখিত প্রশ্নমালার যথাযথ উত্তর (ডকুমেন্ট ভিত্তিক) অনুসারে স্কোর প্রদানপূর্বক শাখার মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে মূল্যায়ন করবে । অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার উপর প্রণীত বার্ষিক নিরীক্ষা রিপোর্টে মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম মূল্যায়ন সংক্রান্ত আলাদা অধ্যায়ে (Separate Chapter) সমুদয় বিষয়াদি সুপারিশসহ সন্নিবেশিত করবে । যাচাইয়ের মানদণ্ড অনুসারে সম্পূর্ণরূপে পরিপালিত হলে সম্পূর্ণ স্কোর, আংশিক পরিপালনে আংশিক স্কোর এবং উত্তর নেতিবাচক হলে শূণ্য স্কোর প্রদান করণ ।)

| ক্র নং | অঞ্চল/এরিয়া | প্রশ্নমালা | যাচাইয়ের মানদণ্ড | স্কোর | প্রাপ্ত স্কোর |
|-----------|---|--|---|--------|-------------------|
| ১. | শাখা পরিপালন ইউনিট | ১. শাখায় একজন অভিজ্ঞ ও জ্যেষ্ঠ পরিপালন কর্মকর্তা (BAMLCO) রয়েছেন কি? | অফিস অর্ডার দেখুন । শাখার ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা অথবা ন্যূনতম ৩ বছর হেড অব জেনারেল ব্যাংকিং হিসেবে কর্মরত কর্মকর্তাকে BAMLCO মনোনীত করা উচিত । | ৩ | |
| | | ২. বিগত দুই বছরে তিনি মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন কি? মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সার্কুলার এবং গাইডেন্স নোটস সম্পর্কে তিনি যথেষ্ট পরিমাণ অবহিত কি ? | সাক্ষাৎকার ও নথিপত্রের ভিত্তিতে যাচাই করণ । | ৫ | |
| | | ৩. শাখার মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম যথানিয়মে পরিপালিত হচ্ছে- এ বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে BAMLCO নির্দিষ্ট ও গ্রহণযোগ্য সময় পর পর এবং কার্যকর প্রক্রিয়ায় মনিটরিং ও পর্যালোচনা করে থাকেন কি ? | BAMLCO কর্তৃক মনিটরিং ও পর্যালোচনা প্রক্রিয়া যাচাই ও এর যথার্থতা পরীক্ষাপূর্বক মূল্যায়ন করণ । | ৫ | |
| | | ৪. BAMLCO কর্তৃক শাখায় পরিচালিত উচ্চ ঝুঁকিযুক্ত সকল হিসাবের লেনদেন মনিটরিং পর্যাপ্ত কি ? | BAMLCO কর্তৃক উচ্চ ঝুঁকিযুক্ত হিসাবসহ সকল হিসাবের লেনদেন মনিটরিং পদ্ধতি যাচাই ও এর যথার্থতা পরীক্ষাপূর্বক মূল্যায়ন করণ । | ৩ | |
| | | ৫. মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-১৪ অনুসারে শাখায় PEPs এর কোন হিসাব সংরক্ষণ করা হচ্ছে কিনা? | এই ধরনের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে এএমএল সার্কুলার-১৪ অনুসারে সতর্কতা অবলম্বন করা হচ্ছে কি না তা যাচাই করণ । | ৩ | |
| ২. | মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জ্ঞান । | ১. শাখায় কয়জন কর্মকর্তা/ কর্মচারী মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন ? | ১০০% কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হলে তা সন্তোষজনক বলে বিবেচিত হবে । রেকর্ড পরীক্ষা করণ । | ৫ | |
| | | ২. শাখা কর্মকর্তা/ কর্মচারীগণ ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত নীতি, পদ্ধতি ও প্রোগ্রাম এবং জাতীয় নীতিমালাসহ বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন সম্পর্কে অবহিত আছেন কি ? | শাখার অন্ততঃ ২০% কর্মকর্তার সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করণ । | ৩ | |
| | | ৩. শাখার মানি লন্ডারিং কার্যক্রম মূল্যায়নের জন্য একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে কর্মকর্তা/ কর্মচারীগণের সভা আয়োজিত হয় কিনা ? | সভার আলোচ্যসূচী সংগ্রহ ও এর কার্যকরীতা পরীক্ষা করণ । | ৫ | |

| ক্র নং | অঞ্চল/এরিয়া | প্রশ্নমালা | যাচাইয়ের মানদণ্ড | স্কোর | প্রাপ্ত স্কোর | |
|-----------|---|---|--|--|------------------|--|
| ৩. | গ্রাহক পরিচিতি (KYC) পদ্ধতি | হিসাবধারকদের KYC | | | | |
| | | ১. | ব্যক্তিগত, কর্পোরেট ও অন্যান্য হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হয়েছে কি না এবং উহার সঠিকতা যাচাই ও যথাযথভাবে রেকর্ড করা হয়েছে কিনা ? | প্রত্যেক ধরনের ২/৩টি হিসাবের নমুনা পরীক্ষা করুন। এক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার ও গাইডেন্স নোটস এর ৫.৬-৫.১৩ এর নির্দেশনা পরিপালিত হয়েছে কিনা যাচাই করুন। | ৪ | |
| | | ২. | ঝুঁকির ভিত্তিতে শাখা তাদের গ্রাহকদের শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করে কি ? | শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ পদ্ধতি এএমএল সার্কুলারে বর্ণিত নির্দেশনার সাথে সংগতিপূর্ণ কিনা তা পরীক্ষা করুন। | ৪ | |
| | | ৩. | উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের ক্ষেত্রে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করা হয় কি ? | কি ধরনের তথ্য সংগ্রহ করা হয় এবং তা যথেষ্ট কিনা পরীক্ষা করুন। | ৩ | |
| | | ৪. | ৩০ এপ্রিল, ২০০২ এর পূর্বে খোলা হিসাবসমূহের KYC procedures সম্পন্নকরণ প্রক্রিয়ার অগ্রগতির সর্বশেষ অবস্থা কেমন ? | মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-০৬ অনুসারে তা ৩১ জানুয়ারী, ২০১০ সম্পন্ন হবে কিনা এবং শাখার অগ্রগতির ভিত্তিতে মূল্যায়ন করুন। | ৫ | |
| | | ৫. | শাখা কি গ্রাহকের KYC Profile নির্দিষ্ট সময় পর পর পুনঃ মূল্যায়নপূর্বক হালনাগাদ করে থাকে ? | KYC Profile পুনঃমূল্যায়ন ও হালনাগাদ পদ্ধতি মূল্যায়নের ভিত্তিতে মূল্যায়ন করুন। | ৫ | |
| | | ভাসমান গ্রাহকদের KYC | | | | |
| ১. | শাখা ভাসমান/চলন্ত গ্রাহকদের (ডিডি,টিটি, অনলাইন জমা ইত্যাদি) ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করে কি ? | অনুসৃত প্রক্রিয়া এতদসংক্রান্ত মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার/সার্কুলার লেটারের সাথে সংগতিপূর্ণ এবং ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা তা বিবেচনাপূর্বক মূল্যায়ন করুন। | ৩ | | | |
| ৪. | লেনদেনের অনুমিতমাত্রা (TP) গ্রহণ ও মনিটরিং | ১. | শাখা কি গ্রাহকদের প্রকৃত লেনদেন তাদের ঘোষিত TP এর সাথে মনিটরিং করে থাকে ? | ন্যূনতম ১০টি হিসাবের মনিটরিং পদ্ধতির নমুনা পরীক্ষা করুন এবং এর কার্যকারিতা যাচাই করুন। | ৫ | |
| | | ২. | শাখা কি বৈদেশিক রেমিটেন্সসহ অন্যান্য ইনওয়্যার্ড ও আউটওয়্যার্ড রেমিটেন্স মনিটরিং করে থাকে ? | ১০টি এ ধরনের কেস ও বিপুল পরিমাণ লেনদেনের RFCD A/C, NFCD A/C পরীক্ষা করুন। | ৫ | |
| | | ৩. | শাখা কি নির্দিষ্ট সময় পর পর TP পর্যালোচনা ও হালনাগাদ করে ? | TP পর্যালোচনা ও হালনাগাদ করা হয়েছে এমন ১০টি নমুনা পরীক্ষা ও এর কার্যকারিতা যাচাই করুন। | ৫ | |
| ৫. | সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) ও নগদ লেনদেন রিপোর্ট (CTR) | ১. | শাখার সকল কর্মকর্তা/ কর্মচারী সন্দেহজনক লেনদেন রিপোর্টিং (STR) পদ্ধতি সম্পর্কে অবহিত আছেন কি ? | গাইডেন্স নোটস এর চ্যাপ্টার VIII এর সম্পর্কে শাখার কর্মকর্তাদের ধারণা পরীক্ষা করুন। | ৩ | |
| | | ২. | এ যাবৎ কতগুলো সন্দেহজনক লেনদেন (STR) BAMLCO/ CCU এর নিকট রিপোর্ট করা হয়েছে ? | নথি পরীক্ষা করুন। BAMLCO/ CCU এর নিকট কোন STR না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে। শাখায় STR সনাক্তকরণের জন্য কোন পদ্ধতির প্রবর্তন করা হয়েছে কিনা তা যাচাই করুন। | ৩ | |
| | | ৩. | শাখা কর্তৃক যথাযথ ও সঠিকরূপে নগদ লেনদেন রিপোর্ট (CTR) করা হয় কিনা ? | এতদসংক্রান্ত নথি পরীক্ষা করুন। কমপক্ষে এক মাসের ক্যাশ রেজিস্টার/ বিবরণী পরীক্ষা করুন এবং এর ভিত্তিতে ঐ মাসে দাখিলকৃত CTR রিপোর্ট পরীক্ষাপূর্বক CTR রিপোর্ট এর সঠিকতার বিষয়ে মূল্যায়ন করুন। | ৪ | |

| ক্র নং | অঞ্চল/এরিয়া | প্রশ্নমালা | যাচাইয়ের মানদণ্ড | স্কোর | প্রাপ্ত স্কোর |
|-----------|---------------------------------------|--|--|-------|------------------|
| | | ৪. গ্রাহক কর্তৃক পুনঃ পুনঃ রিপোর্টিং সীমার নীচে লেনদেন (Structuring) সনাক্ত করার কোন পদ্ধতি শাখা কর্তৃক প্রবর্তিত হয়েছে কিনা ? | এতদসংক্রান্ত শাখার পদক্ষেপ পরীক্ষা-পূর্বক মূল্যায়ন করণ । | ৪ | |
| ৬. | CCU বরাবর বিবরণী দাখিল | ১. শাখা কর্তৃক কতটি বিবরণী CCU বরাবর দাখিল করা হয় ? শাখা কি যথাসময়ে বিবরণী দাখিল করে ? | এতদসংক্রান্ত নথি পরীক্ষা করণ । বিলম্বে অথবা বিবরণী দাখিল না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে । | ৩ | |
| | | ২. নমুনা ভিত্তিতে কয়েক সেট বিবরণী যাচাই করে দেখা হবে যে এ বিবরণীতে অন্তর্ভুক্ত তথ্যাদি সঠিক ও পরিপূর্ণ কিনা ? | এতদসংক্রান্ত নথি পরীক্ষা করণ । তথ্যাদি সঠিক ও পরিপূর্ণ না হলে তা অসন্তোষজনক বিবেচিত হবে । | ২ | |
| ৭. | রেকর্ড সংরক্ষণ | ১. মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ১৯ (১)(ক), নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এবং ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী গ্রাহক পরিচিতি (KYC) এবং লেনদেন সম্পর্কিত রেকর্ড যথাযথভাবে সংরক্ষণের বিধান আছে কি ? | ৫টি বন্ধ হিসাব পরীক্ষা করণ । এক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ১৯ (১)(ক) এর বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা যাচাই করণ । | ২ | |
| | | ২. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা CCU এর চাহিদা মোতাবেক রেকর্ডসমূহ সরবরাহ করা হয় কি ? | এতদসংক্রান্ত নথি পরীক্ষা করণ । যথাসময়ে ও যথাযথ তথ্য সরবরাহ না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে । | ২ | |
| ৮. | AML সম্পর্কিত শাখার সার্বিক কার্যক্রম | ১. শাখা ব্যবস্থাপক BAMLCO না হলে শাখা ব্যবস্থাপক AML প্রোগ্রাম বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালন করে কি ? | শাখায় আয়োজিত সভার আলোচ্যসূচী ও শাখা ব্যবস্থাপকের সাথে সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করণ । | ১ | |
| | | ২. পূর্ববর্তী অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষাকালে AML প্রোগ্রামের আওতায় কোন অনিয়ম ও দুর্বলতার উল্লেখ পাওয়া গেছে কি না এবং শাখা কোন সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে কিনা ? | সর্বশেষ নিরীক্ষা সংক্রান্ত রিপোর্ট পরীক্ষা করণ এবং কি ধরনের সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে যাচাই করণ । | ৩ | |
| | | ৩. শাখার সার্বিক কার্যক্রম সন্তোষজনক কি ? | শাখার মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত সার্বিক কার্যক্রম এর ভিত্তিতে মূল্যায়ন করণ । | ২ | |
| | | | মোট | ১০০ | |

শাখার সার্বিক মূল্যায়ন :

| স্কোর | রেটিং |
|--------------|------------|
| ৯১-১০০ | খুব ভাল |
| ৭১-৯০ | ভাল |
| ৫৬-৭০ | সন্তোষজনক |
| ৪১-৫৫ | প্রান্তিক |
| ৪০ ও এর নীচে | অসন্তোষজনক |

RbZv e'vsK wj wgtUW
 জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
 এন্টি মানি লন্ডারিং সেকশন
 প্রধান কার্যালয়
 ঢাকা ।

gwb j Üwmi s Ges mŞtım A İqb cÖZti va mşÜmKŞ Action Plan

| বিষয় | করণীয় | বাস্তবায়নকারী | বাস্তবায়নের সর্বশেষ সীমা |
|---|--|------------------|---------------------------|
| Account Opening | ১। SB, CD, STD, FDR সহ সকল প্রকার হিসাব খোলার সময় ব্যক্তি হিসাবের ক্ষেত্রে ডিপোঃ ৯০২ এবং অব্যক্তি বা প্রাতিষ্ঠানিক হিসাব খোলার সময় ডিপোঃ ৯০৩ আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে। | সকল শাখা | চলমান |
| | ২। হিসাব খোলার সময় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের পরিচয় সম্পর্কে নিশ্চিত হতে হবে। | | |
| | ৩। হিসাবের পরিচয়দানকারী-এর পরিচিতি সংশ্লিষ্ট হিসাব খোলার কাগজপত্র দেখে সঠিকভাবে যাচাই করতে হবে। হিসাবের পরিচয়দানকারী অবশ্যই শাখার একজন নির্ভরযোগ্য গ্রাহক হতে হবে। | | |
| | ৪। কোন হিসাব খোলার সময় সংশ্লিষ্ট গ্রাহক/গ্রাহকগণ উপস্থিত না থাকলে সে গ্রাহক/গ্রাহকগণ এর হিসাব খোলা যাবে না। | | |
| | ৫। হিসাব খোলার সময় গ্রাহক/গ্রাহকগণ এর পেশার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে হবে। যেমন- পেশা ব্যবসা হলে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হবে। | | |
| | ৬। গ্রাহক বা প্রতিষ্ঠানের পরিচিতির প্রমাণ হিসেবে হিসাব খোলার আবেদনপত্রে উল্লেখিত প্রয়োজনীয় সকল কাগজপত্র (জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ ড্রাইভিং বা অন্যান্য লাইসেন্সের কপি ইত্যাদি) আবশ্যিকভাবে সংগ্রহ করতে হবে। | | |
| | ৭। সকল ক্ষেত্রে গ্রাহক ও নমিনির ছবি যথাযথভাবে সত্যায়নপূর্বক সংগ্রহ করতে হবে। | | |
| | ৮। সংখ্যা বা সাংকেতিক নামে কোন হিসাব খোলা যাবে না। | | |
| | ৯। নমিনি ছাড়া কোন ব্যক্তি হিসাব খোলা যাবে না। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ এর ১০৩(১) ধারা অনুযায়ী কোন হিসাবে একজনের বেশি নমিনি নেয়া যাবে না। | | |
| | ১০। হিসাব খোলার পর গ্রাহক বা প্রতিষ্ঠানের প্রদত্ত ঠিকানা যাচাইয়ের জন্য রেজিস্ট্রার ডাকযোগে “Letter of Thanks” পাঠাতে হবে। উক্ত “Letter of Thanks” প্রাপ্তির পর গ্রাহক উক্ত পত্র নিয়ে শাখায় আসলে চেক বই ইস্যু করতে হবে। এর ফলে ঠিকানা যাচাই করা সহজ হবে। | | |
| | ১১। এছাড়া হিসাব খোলা সংক্রান্ত ব্যাংকের অন্যান্য সার্কুলার অপরিবর্তিত থাকবে। | | |
| ১২। ইতিপূর্বে খোলা যে সকল হিসাবের ক্ষেত্রে ক্রমিক নং ১-১১ এ র্ণিত প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি বা আংশিকভাবে সম্পন্ন করা হয়েছে পরোক্ত নির্দেশনা মোতাবেক সে সকল হিসাবের সকল প্রক্রিয়া থায়থভাবে সম্পন্ন করতে হবে। | সকল শাখা | ১ মার্চ, ২০১১ | |

| | | | | |
|--------------------|--|----------|-------|-------------|
| KYC ও TP | ১। হিসাব খোলার সময় KYC যথাযথভাবে গ্রহণ করতে হবে এবং KYC এ উল্লেখিত Risk Grading সম্পন্ন করতে হবে। গ্রাহকের পেশা, আয়ের উৎস, সম্পদ এবং লেনদেন অনুযায়ী Risk Grading যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সকল শাখা | চলমান | |
| | ২। Risk Grading অনুযায়ী গ্রাহক উচ্চঝুঁকি সম্পন্ন হলে সে গ্রাহকের নাম ও হিসাব নম্বর লেজারে চিহ্নিতকরণ এবং পৃথক একটি রেজিস্ট্রারে উক্ত গ্রাহকের তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | | | |
| | ৩। KYC অবশ্যই হিসাব খোলার কর্মকর্তা কর্তৃক নিরপেক্ষ মূল্যায়নপূর্বক পূরণ করতে হবে। | | | |
| | ৪। TP তে গ্রাহক তার সম্ভাব্য লেনদেন সম্পর্কে যে ঘোষণা দিচ্ছেন সেটি গ্রাহকের আয়ের উৎস/পেশার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যথাযথভাবে নিশ্চিত করতে হবে। অসামঞ্জস্যপূর্ণ কোন TP গ্রহণ করা যাবে না। | | | |
| | ৫। সকল হিসাবের TP সংক্ষেপে লাল কালিতে লেজারে লিখে রাখতে হবে। | | | |
| | ৬। যৌক্তিক কারণে (গ্রাহকের পেশা/আয় পরিবর্তন) সময়ে সময়ে TP এবং KYC হালনাগাদ করতে হবে। | | | |
| | ৭। ৩০ এপ্রিল ২০০২ এর পূর্বে খোলা যে সকল হিসাবের KYC হালনাগাদকরণ আংশিক সম্পন্ন করা হয়েছে তা পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করতে হবে। এছাড়া যে সকল হিসাবের KYC হালনাগাদকরণ সম্পন্ন করা যায়নি সে সকল হিসাব নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৮৩/১০ তারিখঃ ০৮/০৩/২০১০ অনুযায়ী অনতিবিলম্বে Dormant করতে হবে এবং তা Dormant Ledger এ স্থানান্তর করতে হবে। এ সকল হিসাব থেকে গ্রাহক অর্থ জমা করতে বা উত্তোলন করতে আসলে ডিপোঃ ৯০২/৯০৩ এ সংযুক্ত Account Opening Form, TP, ও KYC হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং ছবি নিয়ে Dormant অবমুক্ত করতে হবে। এ প্রক্রিয়া সম্পন্ন না করে কোন গ্রাহককে কোনভাবেই Payment দেয়া যাবে না। | | | অনতিবিলম্বে |
| | ৮। যে সকল হিসাবে নিয়মিত এবং বড় অংকের লেনদেন হয় অথচ KYC হালনাগাদ করা হয়নি সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে KYC হালনাগাদ সম্পন্ন করতে হবে। | | | |
| BAMLCO | ১। শাখা ব্যবস্থাপক অথবা সহকারী ব্যবস্থাপক (২য় কর্মকর্তা)-কে Branch Anti-Money Laundering Compliance Officer (BAMLCO) হিসাবে দায়িত্ব পালন করতে হবে। | সকল শাখা | চলমান | |
| | ২। BAMLCO এর Office Order শাখায় আবশ্যিকীয়ভাবে সংরক্ষণ করতে হবে। | | | |
| | ৩। এছাড়া BAMLCO সংক্রান্ত বিষয়ে নির্দেশ বিজ্ঞপ্তি নং ২৪৫/১০ তারিখঃ ১৯/১০/২০১০ এর নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে। | | | |
| Circular ও পত্রাদি | ১। প্রধান কার্যালয় থেকে জারীকৃত মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক সকল সার্কুলারের কপি পৃথক ফাইলে সংরক্ষণ করতে হবে। | সকল শাখা | চলমান | |
| | ২। প্রধান কার্যালয় থেকে জারীকৃত মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক সকল পত্রাদিও পৃথক পৃথক ফাইলে সংরক্ষণ করতে হবে। | | | |
| | ৩। শাখা ব্যবস্থাপক কর্তৃক নিজ দায়িত্বে সকল সার্কুলার এবং পত্রাদির নির্দেশনা শাখার সকলকে জানাতে হবে এবং সার্কুলারে সকলের অনুস্বাক্ষর নিয়ে তা সংরক্ষণ করতে হবে। | | | |

| | | | |
|----------------------|--|---|-------|
| মাসিক সভা ও অন্যান্য | <p>১। শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে প্রতিমাসে ন্যূনতম একটি মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক পৃথক সভা করতে হবে এবং পৃথক একটি রেজিস্ট্রারে কার্যবিবরণী যথাযথভাবে লিখিত রাখতে হবে।</p> <p>২। উক্ত সভায় মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক সাম্প্রতিক সার্কুলার অথবা এ সংক্রান্ত সমসাময়িক পরিবর্তন নিয়ে আলোচনা করতে হবে। এক্ষেত্রে শাখা ব্যবস্থাপক কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যেককে একেকটি সার্কুলার অবহিত হয়ে আসতে বলবেন এবং কাকে কোন সার্কুলার জানতে বলা হয়েছে তা রেজিস্ট্রারে লিখিত থাকবে এবং পরবর্তী সভায় যাকে যে সার্কুলার জানতে বলা হয়েছে সেটি তাকে সভায় সকলের সামনে উপস্থাপন করতে হবে। এ প্রক্রিয়ায় পর্যায়ক্রমে সকলকে সকল সার্কুলার সম্পর্কে প্রশিক্ষিত করতে হবে।</p> | সকল শাখা | চলমান |
| প্রশিক্ষণ | <p>১। সর্বশ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানি লন্ডারিং প্রতিরোধ এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পৃথক প্রশিক্ষণ প্রতিবছর নিয়মিতভাবে আয়োজন করতে হবে।</p> <p>২। BAMLCO এবং শাখা ব্যবস্থাপকদের জন্যও এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</p> <p>৩। এছাড়া প্রতিবছর এ সংক্রান্ত Refresher's Training Course নিয়মিতভাবে আয়োজন করতে হবে।</p> <p>৪। এ প্রশিক্ষণ ট্রেনিং ইন্সটিটিউট/ট্রেনিং সেন্টার ছাড়াও বিভিন্ন বিভাগীয়/এরিয়া/আঞ্চলিক কার্যালয়ে Outreach ভিত্তিতে আয়োজন করতে হবে।</p> <p>৫। শাখা পর্যায়ে এতদসংক্রান্ত নিরীক্ষা কার্যক্রমে সম্পৃক্ত Internal Auditor দের জন্য পৃথক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>৬। অত্র ব্যাংক কর্তৃক আয়োজিত এতদসংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণে Resource Person হিসেবে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।</p> <p>৬। শাখার কোন কর্মকর্তা/কর্মচারী এএমএল সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করলে তার সার্টিফিকেট অথবা রিলিজ অর্ডার এর কপি শাখায় আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।</p> <p>৭। এছাড়া নিম্নোক্ত ছকে সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের রেকর্ড শাখায় সংরক্ষণ করতে হবে :-</p> | এএমএল সেকশন, জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট(কেন্দ্রীয় পরিপালন ইউনিট)/জনতা ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট | চলমান |
| | <p>৬। শাখার কোন কর্মকর্তা/কর্মচারী এএমএল সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করলে তার সার্টিফিকেট অথবা রিলিজ অর্ডার এর কপি শাখায় আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।</p> <p>৭। এছাড়া নিম্নোক্ত ছকে সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের রেকর্ড শাখায় সংরক্ষণ করতে হবে :-</p> | সকল শাখা | চলমান |

| | | | | | | |
|-------|-----|------|------------------------------------|-----------------------|--------------------------------|-----------------------------------|
| μt bs | bvg | c`ex | e`vstK I kvLrq thwM` vtbi Zwi L | †Kvb tW†`i `wqZcWβ | AML Training †c†q†Ob wK br? | †ctj Kte AML Training wb†q†Ob? |
|-------|-----|------|------------------------------------|-----------------------|--------------------------------|-----------------------------------|

| বিষয় | করণীয় | বাস্তবায়নকারী | বাস্তবায়নের সর্বশেষ সীমা |
|----------|--|----------------|---------------------------|
| STR | <p>১। যে সকল হিসাবে বড় অংকের লেনদেন হয় প্রতি ১৫ দিন পর পর লেজার এর সাথে তা মিলাতে হবে এবং লেজার এ সংশ্লিষ্ট হিসাবের TP সংক্ষেপে লাল কালিতে লিখে রাখতে হবে।</p> <p>২। প্রতি ১৫ দিন পর পর উচ্চবুকি সম্পন্ন হিসাবসমূহের TP এর সাথে প্রকৃত লেনদেন যাচাই করতে হবে।</p> <p>৩। এক্ষেত্রে সাপ্লিমেন্টারীসহ লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য রেজিস্ট্রারসমূহের সাথেও নিয়মিত TP মিলিয়ে দেখতে হবে।</p> <p>৪। কোন হিসাবের লেনদেন/গ্রাহকের আচরণ সন্দেহজনক মনে হলে সংশ্লিষ্ট কর্মকর্তা তাৎক্ষণিকভাবে তা BAMLCO/শাখা ব্যবস্থাপককে অবহিত করবেন।</p> <p>৫। সংশ্লিষ্ট লেনদেন/গ্রাহকের আচরণ BAMLCO/শাখা ব্যবস্থাপকের কাছে সন্দেহজনক প্রতীয়মান হলে BAMLCO/শাখা ব্যবস্থাপক কর্তৃক অবিলম্বে তা সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> | সকল শাখা | চলমান |
| CTR | <p>১। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে ১(এক) কার্যদিবসে কোন হিসাবে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে ৭.০০ (সাত) লক্ষাধিক টাকা নগদ জমা বা নগদ উত্তোলন হলে তা CTR হিসাবে নির্ধারিত ফর্মে রিপোর্ট করতে হবে। এই নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন রিপোর্টযোগ্য CTR রিপোর্ট না করা মানি লভারিং প্রতিরোধ আইন-২০০৯ অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। তাই রিপোর্টযোগ্য সকল CTR আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে। (হিসাবে জমা/অনলাইনে জমা/এটিএম/মোবাইল ব্যাংকিং এ জমা/উত্তোলন পৃথকভাবে একীভূত করতে হবে)</p> <p>২। CTR-এর রিপোর্টিং সীমা(৭ লক্ষাধিক) এড়াতে কোন গ্রাহক ইচ্ছাকৃতভাবে Structuring এর আশ্রয় নিচ্ছেন কি না সে বিষয়টি A/C Ledger/Cash Book দেখে নিয়মিত মনিটর করতে হবে।</p> | সকল শাখা | চলমান |
| অন্যান্য | <p>১। শাখায় যতগুলো 'উচ্চবুকি' সম্পন্ন হিসাব আছে পৃথক রেজিস্ট্রারে তা সংরক্ষণ করতে হবে এবং BAMLCO/শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঝে মাঝে তা মনিটর করতে হবে।</p> <p>২। নিঃবিঃ নং-১৯১/১০ তারিখঃ২৯/০৩/২০১০ এর অনুচ্ছেদ-৪ এর প্রদত্ত নির্দেশনা অনুসারে শাখায় Politically Exposed Persons (PEPs) এর হিসাব খুলতে হবে এবং পৃথক একটি রেজিস্ট্রারে তা সংরক্ষণ করতে হবে।</p> | সকল শাখা | চলমান |

gmbj Üwi s cÖZti va AvBb, 2009

রেজিস্টার্ড নং ডি এ - ১

বাংলাদেশ (মনোগ্রাম) গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ২৪ শে ফেব্রুয়ারি, ২০০৯/১২ই ফাল্গুন, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪ শে ফেব্রুয়ারি, ২০০৯ (১২ই ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :---

২০০৯ সনের ৮ নং আইন.

মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ রহিতক্রমে এতদসংক্রান্ত একটি আইন প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ১২ নং অধ্যাদেশ) রহিতক্রমে এতদসংক্রান্ত একটি আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :--

1| msw¶|B wk†i vbg | cÖZÜ :---

(১) এই আইন মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ নামে অভিহিত হইবে ।

(২) এই আইন ২ বৈশাখ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১৫ এপ্রিল, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে

বলিয়া গণ্য হইবে ।

2| msÁv :--- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে ---

(ক) "আর্থিক প্রতিষ্ঠান" অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২(খ) এ সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান ;

(খ) "আদালত" অর্থ স্পেশাল জজ এর আদালত ;

(গ) " তদন্তকারী সংস্থা" অর্থ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধীন গঠিত দুর্নীতি দমন কমিশন ; এবং কমিশনের নিকট হইতে তদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

- (ঘ) "নগদ টাকা" অর্থে কোন দেশের যথাযথ মুদ্রা হিসাবে উক্ত দেশ কর্তৃক স্বীকৃত কোন ধাতব মুদ্রা, কাগজের মুদ্রা, ট্রাভেলার্স চেক, পোস্টাল নোট, মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট, বিয়ারার বন্ড, লেটার অব ক্রেডিট, বিল অব এক্সচেঞ্জ বা প্রিমিজরি নোটও অন্তর্ভুক্ত হইবে ;
- (ঙ) "নিষ্পত্তি" অর্থে ক্ষয়যোগ্য, দ্রুত পচনশীল অথবা নির্দিষ্ট সময়ের পর ব্যবহার অযোগ্য সম্পত্তি বিক্রয় বা অন্য কোন আইনের অধীন ধ্বংস করার উপযোগী সম্পত্তি ধ্বংসকরণ বা আইনসম্মতভাবে প্রকাশ্য নিলামের মাধ্যমে হস্তান্তরও অন্তর্ভুক্ত হইবে ;
- (চ) "বাংলাদেশ ব্যাংক" অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধীন স্থাপিত Bangladesh Bank ;
- (ছ) "বীমা কোম্পানী" অর্থ Insurance Act. 1938 (Act No IV of 1938) এর section 2 (৪) এ সংজ্ঞায়িত insurance company ;
- (জ) "বৈদেশিক মুদ্রা" অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No VII of 1947) এর section 2 (d) তে সংজ্ঞায়িত foreign exchange ;
- (ঝ) "ব্যাংক" অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ধারা ৫ (গ) এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী ;
- (ঞ) "মানি চেঞ্জার" অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No VII of 1947) এর section 3 এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান ;
- (ট) "মানিলভারিং" অর্থ --
- (অ) সম্পৃক্ত অপরাধ (Predicate offence) সংঘটনের মাধ্যমে প্রাপ্ত অর্থ বা সম্পত্তির অবৈধ উৎস গোপন বা আড়াল করিবার উদ্দেশ্যে উহার হস্তান্তর, রূপান্তর, বিদেশে প্রেরণ বা বিদেশ হইতে বাংলাদেশে প্রেরণ বা আনয়ন করা বা বৈধ ও অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি বিদেশে পাচার ;
- (আ) কোন আর্থিক লেনদেন এইরূপভাবে সম্পন্ন করা বা সম্পন্ন করিবার চেষ্টা করা যাহাতে এই অধ্যাদেশের অধীন উহা রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না;
- (ই) এইরূপ কোন কার্য করা যাহার দ্বারা উক্তরূপ অর্থ বা সম্পত্তির অবৈধ উৎস গোপন বা আড়াল করা হয় বা এইরূপ কার্যসম্পাদনের চেষ্টা করা বা অনুরূপ কার্যসম্পাদনে স্বজ্ঞানে সহায়তা বা ষড়যন্ত্র করা ।
- (ঠ) "রিপোর্ট প্রদানকারী সংস্থা" অর্থ--
- (অ) ব্যাংক;
- (আ) আর্থিক প্রতিষ্ঠান;
- (ই) বীমা কোম্পানী;
- (ঈ) মানি চেঞ্জার;
- (উ) অর্থ প্রেরণকারী বা অর্থ স্থানান্তরকারী কোন কোম্পানী বা প্রতিষ্ঠান;

(উ) বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান; বা
(ঋ) সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে ঘোষিত অন্য কোন প্রতিষ্ঠান।

(ড) "হাইকোর্ট বিভাগ" অর্থ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ;

(ঢ) "সন্দেহজনক লেনদেন" অর্থ এইরূপ লেনদেন--

(অ) যাহা স্বাভাবিক লেনদেনের ধরন হইতে ভিন্ন;

(আ) যাহার সম্পর্কে এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকে যে ইহার সহিত কোন অপরাধ হইতে অর্জিত সম্পত্তির সংশ্লিষ্টতা রহিয়াছে;

(ণ) "সম্পত্তি" অর্থ--

(অ) যে কোন প্রকৃতির, দৃশ্যমান, অদৃশ্যমান, স্থাবর বা অস্থাবর, সম্পত্তি; বা

(আ) নগদ টাকা, ইলেক্ট্রনিক বা ডিজিটালসহ অন্য যে কোন প্রকৃতির দলিল বা ইন্সট্রুমেন্ট যাহা কোন সম্পত্তির মালিকানা স্বত্ব বা মালিকানা স্বত্বে কোন স্বার্থ নির্দেশ করে।

(ত) "স্পেশাল জজ" অর্থ Criminal Law Amendment Act, 1958 (Act No, XL of 1958) এর section 3 এর অধীন নিযুক্ত Special Judge;

(থ) "সম্পৃক্ত অপরাধ (Predicate offence)" অর্থ নিম্নবর্ণিত এইরূপ অপরাধ, যাহা সংঘটনের মাধ্যমে, অর্জিত কোন অর্থ বা সম্পদ লুণ্ঠারিৎ করা বা করিবার চেষ্টা করা হয়, যথাঃ--

(১) দুর্নীতি ও ঘুষ;

(২) মুদ্রা জালকরণ;

(৩) দলিল সস্তাবেজ জালকরণ;

(৪) চাঁদাবাজি;

(৫) প্রতারণা;

(৬) জালিয়াতি;

(৭) অবৈধ অস্ত্রের ব্যবসা;

(৮) অবৈধ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের ব্যবসা;

(৯) চোরাই ও অন্যান্য দ্রব্যের অবৈধ ব্যবসা;

(১০) অপহরণ, অবৈধভাবে আটকাইয়া রাখা ও পণবন্দী করা;

(১১) খুন, মারাত্মক শারীরিক ক্ষতি;

(১২) নারী ও শিশু পাচার;

(১৩) চোরাকারবার এবং দেশী ও বিদেশী মুদ্রা পাচার;

(১৪) চুরি বা দস্যুতা বা ডাকাতি;

(১৫) আদম পাচার ও অবৈধ অভিবাসন;

(১৬) যৌতুক এবং

(১৭) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারের অনুমোদনক্রমে গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষিত অন্য যে কোন সম্পৃক্ত অপরাধ।

3 | AvBtbi c0lav" :- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

4 | gmbj Uwi s Aciva I kw- :- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে মানিলুণ্ঠারিৎ হইবে একটি অপরাধ।

(২) কোন ব্যক্তি মানিলভারিং অপরাধ করিলে বা মানিলভারিং অপরাধ সংঘটনের চেষ্টা, সহায়তা, বা ষড়যন্ত্র করিলে তিনি অন্যান্য ৬ (ছয়) মাস এবং অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং ইহার অতিরিক্তি যে অপরাধের জন্য তিনি দোষী সাব্যস্ত হইয়াছেন সেই অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হইবে ।

5। Aei"xKiY ev tμvK Av` k jsN#bi kw- -ঃ-- কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ লংঘন করিলে তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন ।

6। Z` dμmKi#Yi kw- -ঃ- (১) কোন ব্যক্তি এই আইনের অধীন কোন তদন্ত কার্যক্রম ব্যহতকরণ বা উহাতে কোন বিরূপ প্রভাব বিস্তারের উদ্দেশ্যে তদন্ত সম্পর্কিত কোন তথ্য বা প্রাসংগিক অন্য কোন তথ্য কোন ব্যক্তি, সংস্থা বা সংবাদ মাধ্যমে ফাঁস করিবেন না ।

(২) এই আইনের অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা এজেন্ট কর্তৃক চাকুরীরত বা নিয়োগরত থাকা অবস্থায় কিংবা নিয়োগজনিত চুক্তি অবসায়নের পর তৎকর্তৃক সংগৃহীত, প্রাপ্ত, আহরিত, জ্ঞাত কোন তথ্য এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার, প্রকাশ ও ফাঁস করা হইতে বিরত থাকিবেন ।

(৩) কোন ব্যক্তি উপ-ধারা (১) ও (২) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ২(দুই) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ১০(দশ) হাজার টাকা অর্থ দণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন ।

৭। Z` #S- evav ev Amn#hwMZv, c#Zte` b tc# #Y e` _Zv ev Z` mi eiv#n evav t` l qvi kw- -ঃ---

(১) কোন ব্যক্তি এই আইনের অধীন---

- (ক) কোন তদন্ত কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তাকে বাধা প্রদান করিলে বা সহযোগীতা প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করিলে; বা
 - (খ) যুক্তিসংগত কারণ ব্যতিরেকে যাচিত কোন প্রতিবেদন প্রেরণে বা তথ্য সরবরাহে অস্বীকৃতি জ্ঞাপন করিলে;
- তিনি এই আইনের অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন ।

(২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন অপরাধে দোষী সাব্যস্ত হইলে তিনি অনধিক ১(এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থ দণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন ।

৮। μg` v Z` c# v#bi kw- -t---(১) কোন ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা হিসাবে ধারকের পরিচিতি সম্পর্কে বা কোন হিসাবের সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে কোনরূপ মিথ্যা তথ্য প্রদান করিবেন না ।

(২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ১(এক) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন ।

৯। Aciv#tai Z` S`-l μePvi ঃ--- (১) এই আইনের অধীন অপরাধসমূহ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধীন তফসিলভুক্ত অপরাধ গণ্যে দুর্নীতি দমন কমিশন বা কমিশন হইতে তদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক তদন্তযোগ্য হইবে ।

(২) এই আইনের অধীন অপরাধসমূহ Criminal Law Amendment Act, 1958 (Act XL of 1958) এর section 3 এর অধীন নিযুক্ত স্পেশাল জজ কর্তৃক বিচার্য হইবে ।

(৩) এই আইনের অধীন অপরাধসমূহের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে এই আইনের বিধানাবলীর সহিত বিরোধের ক্ষেত্রে , দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং Criminal Law Amendment Act, 1958 এর বিধানাবলী প্রাধান্য পাইবে ।

১০। §úkvj RR Gi we†kl GLWZqvi t-- (১) স্পেশাল জজ এই আইনের অধীন অপরাধের জন্য নির্ধারিত দণ্ড আরোপ এবং ক্ষেত্রমত, অধিকতর তদন্ত, সম্পত্তি অবরুদ্ধকরণ, ক্রোক, বাজেয়াপ্তকরণ আদেশসহ আবশ্যিক অন্য যে কোন আদেশ প্রদান করিতে পারিবেন ।

(২) স্পেশাল জজ এই আইনের অধীন দায়েরকৃত কোন মামলায় অধিকতর তদন্তের আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশে তদন্তকারী কর্মকর্তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য একটি সময়সীমা নির্দিষ্ট করিয়া দিবেন, যাহা ৬ (ছয়) মাসের অধিক হইবে না ।

11| Aciv†ai Avgj †hvM"Zv, AÑAv†cvi †hvM"Zv I A-Rwıgb†hvM"Zv t-- এই আইনের অধীন অপরাধসমূহ আমলযোগ্য (cognizable) ও অ-আপোষযোগ্য (non-compoundable) এবং অ-জামিনযোগ্য (non-bailable) হইবে ।

১২। `†wıZ `gb Kwıgk†bi Ab†gıv` †bi AcwınvhZv :- (১) ফৌজদারি কার্যবিধি বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন দুর্নীতি দমন কমিশন কর্তৃক কোন আইন প্রয়োগকারী সংস্থাকে প্রদত্ত অনুমোদন বা দুর্নীতি দমন কমিশনের সরাসরি আবেদন ব্যতিরেকে কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ (cognizance) করিবেন না ।

(২) এই আইনের অধীন কোন অপরাধের তদন্ত সমাপ্ত হইবার পর তদন্তকারী কর্মকর্তা আদালতে প্রতিবেদন দাখিল করিবার পূর্বে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিবেন এবং কমিশন কর্তৃক প্রদত্ত অনুমোদন পত্রের একটি কপি প্রতিবেদনের সহিত আদালতে দাখিল করিবেন ।

13| Rwıgb mspıvS`weavb :- এই আইনের অধীন অভিযুক্ত কোন ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়া হইবে না, যদি--

(ক) তাহাকে জামিনে মুক্তি দেওয়ার আবেদনের উপর অভিযোগকারী পক্ষকে শুনানীর সুযোগ দেওয়া না

হয় ; এবং

(খ) তাহার বিরুদ্ধে আনীত অভিযোগে তিনি দোষী সাব্যস্ত হওয়ার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে মর্মে আদালত সন্তুষ্ট হন; অথবা

(গ) তিনি নারী, শিশু বা শারীরিকভাবে বিকলাঙ্গ না হন এবং তাহাকে জামিনে মুক্তি দেওয়ার কারণে ন্যায়

বিচার বিঘ্নিত হইবে না মর্মে আদালত সন্তুষ্ট না হন ।

14| m†úwEi Aei"xKiY (Freezing) ev †ııvK (Attachment) Av†`k t-- (১) তদন্তকারী সংস্থার লিখিত আবেদনের ভিত্তিতে আদালত অভিযুক্ত ব্যক্তির দেশে বা দেশের বাহিরে অবস্থিত সম্পত্তি, যাহাতে দেশের মানুষের স্বার্থ রহিয়াছে, এইরূপ ক্ষেত্রে অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ প্রদান করিতে পারিবে ।

(২) উপ-ধারা (১) এর অধীন তদন্তকারী সংস্থা কোন সম্পত্তির অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের জন্য আদালতে লিখিত আবেদন দাখিলের সময় উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিবে, যথা :-

(ক) অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের নিমিত্ত সম্পত্তির পূর্ণ বিবরণ ;

(খ) সম্পত্তিটি মানিলভারিং এর সহিত জড়িত থাকিবার সপক্ষে যুক্তি ও প্রাথমিক প্রমাণাদি;

(গ) দায়েরকৃত মামলায় সফলতা লাভের সম্ভাবনা;

(ঘ) প্রার্থীত আবেদন মোতাবেক আদালত কর্তৃক আদেশ প্রদান করা না হইলে মামলা নিষ্পত্তির পূর্বেই সম্পত্তিটি অন্যত্র হস্তান্তর বা বেহাত হইবার আশংকা ।

(৩) উপ-ধারা (১) এর অধীন কোন অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ প্রদান করা হইলে আদালত সম্পত্তির পূর্ণ বিবরণসহ বিষয়টি সর্বসাধারণের অবগতির জন্য সরকারী গেজেটে এবং অন্যান্য ১টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রচার করিবে ।

(৪) এই ধারার অধীন অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশে অভিযুক্ত ব্যক্তির নাম, পিতা-মাতার নাম, স্বামী বা স্ত্রীর নাম, জাতীয়তা, পদবী (যদি থাকে), পেশা, ট্যাক্স পরিচিতি নম্বর (TIN) , বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং অন্য কোন পরিচিতি, যতদূর সম্ভব, উল্লেখ থাকিবে ।

(৫) উপ-ধারা (৬) এর বিধান সাপেক্ষে, এই ধারার অধীন কোন ব্যক্তির সম্পত্তি অবরুদ্ধকরণ বা ক্রোকের জন্য আদালত আদেশ প্রদান করিলে আদেশ কার্যকর থাকাকালীন, আদালত কর্তৃক ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে, উক্ত সম্পত্তি কোনভাবে বা প্রকারে অন্যত্র হস্তান্তর, উক্ত সম্পত্তি সংশ্লিষ্ট কোন প্রকার লেনদেন বা উক্ত সম্পত্তিকে কোনভাবে দায়যুক্ত করা যাইবে না ।

(৬) কোন ব্যক্তির ব্যাংক একাউন্ট অবরুদ্ধকরণ আদেশ কার্যকর থাকা অবস্থায় উক্ত আদেশে ভিন্নরূপ উল্লেখ না থাকিলে, উক্ত ব্যক্তি প্রাপ্য হইয়াছে এইরূপ সমুদয় অর্থ তাহার অবরুদ্ধ ব্যাংক একাউন্টে জমা করা যাইবে ।

15 | Aei "xKZ ev †µvKKZ mশূঁE tdiZ cŀvb t-- (১) ধারা ১৪ এর অধীন আদালত কোন সম্পত্তি অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ প্রদান করিলে, অভিযুক্ত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির উক্ত সম্পত্তিতে কোন স্বার্থ থাকিলে তিনি উহা ফেরত পাইবার জন্য অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের বিজ্ঞপ্তি ১টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে পারিবেন ।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন ব্যক্তি আদালতে আবেদন করিলে আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে, যথা :-

(ক) মানিলভারিং এর সহিত উক্ত সম্পত্তির কোন সংশ্লিষ্টতা নাই ;

(খ) অবরুদ্ধকরণ বা ক্রোককৃত সম্পত্তিতে অভিযুক্ত ব্যক্তির কোন স্বত্ব, স্বার্থ বা মালিকানা নাই; এবং

(গ) অবরুদ্ধকরণ বা ক্রোককৃত সম্পত্তিতে আবেদনকারীর স্বত্ব, স্বার্থ ও মালিকানা রহিয়াছে ।

(৩) ধারা ১৪ এর উপ-ধারা (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীন সম্পত্তি ফেরত পাইবার জন্য আদালত কোন আবেদনপ্রাপ্ত হইলে আবেদনকারী, তদন্তকারী সংস্থা ও অভিযুক্ত ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদান করিবেন এবং শুনানী অন্তে, প্রয়োজনীয় কাগজাদি পর্যালোচনাক্রমে, উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদনকারীর আবেদন সম্পর্কে আদালত সন্তুষ্ট হইলে অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ বাতিলক্রমে সম্পত্তিটি, আদেশে নির্ধারিত সময়ের মধ্যে, আবেদনকারীর অনুকূলে হস্তান্তরের আদেশ প্রদান করিবেন ।

১৬। মর্শুঁঐ Aei"xKiY ev †μvK Av† tki †ei"†x Avcxj t-- (১) এই আইনের অধীন আদালত কোন সম্পত্তির অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ ব্যক্তি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন ।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে আপীল আদালত পক্ষবৃন্দকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অশ্বে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে ।

(৩) ধারা ১৪ এর অধীন কোন সম্পত্তির বিষয়ে আদালত কর্তৃক প্রদত্ত অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের বিরুদ্ধে কোন সংক্ষুদ্ধ ব্যক্তি আপীল করিলে এবং আপীল আদালত কর্তৃক ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে, আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্তরূপ অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ কার্যকর থাকিবে ।

১৭। মর্শুঁঐi ev†RqvβKiY t-- (১) এই আইনের অধীন কোন ব্যক্তি মানিলভারিং অপরাধে দোষী সাব্যস্ত হইলে আদালত অপরাধের সহিত সম্পৃক্ত দেশে বা দেশের বাহিরে অবস্থিত সম্পত্তি, যাহাতে দেশের মানুষের স্বার্থ রহিয়াছে এইরূপ ক্ষেত্রে সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে ।

(২) এই আইনের অধীন মানিলভারিং অপরাধের জন্য দোষী সাব্যস্ত কোন ব্যক্তি পলাতক থাকিলে বা মৃত্যুবরণ করিলে আদালত উক্ত ব্যক্তির অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তিও বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে ।

ব্যাখ্যা :- যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও গ্রেফতারী পরোয়ানা জারীর তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে যদি অভিযুক্ত ব্যক্তি আদালতে আত্মসমর্পণ করিতে ব্যর্থ হয় বা উক্ত সময়ের মধ্যে তাহাকে গ্রেফতার করা না যায় তাহা হইলে উক্ত ব্যক্তি এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে পলাতক বলিয়া গণ্য হইবেন ।

(৩) এই ধারার অধীন আদালত কর্তৃক কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদানের পূর্বে কিংবা মামলা বা অভিযোগ দায়ের করিবার পূর্বে যদি কোন ব্যক্তি সরল বিশ্বাসে এবং উপযুক্ত মূল্য প্রদান সাপেক্ষে বাজেয়াপ্তের জন্য আবেদনকৃত সম্পত্তি ক্রয় করিয়া থাকেন এবং আদালতকে তিনি এই মর্মে সন্তুষ্ট করিতে সক্ষম হন যে, তিনি উক্ত সম্পত্তিটি মানিলভারিং এর সহিত সম্পৃক্ত বলিয়া জ্ঞাত ছিলেন না এবং তিনি সরল বিশ্বাসে সম্পত্তিটি ক্রয় করিয়াছিলেন, তাহা হইলে আদালত উক্ত সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান না করিয়া উহার বিক্রয়লব্ধ অর্থ রাষ্ট্রীয় কোষাগারে, আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে, জমা দেওয়ার জন্য দোষী সাব্যস্ত ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে ।

(৪) এই ধারার অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত করা হইলে বাজেয়াপ্ত আদেশের নোটিশ আদালত কর্তৃক যে ব্যক্তির নিয়ন্ত্রণে সম্পত্তিটি রহিয়াছে সেই ব্যক্তির সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পাঠাইতে হইবে এবং সম্পত্তির তফসিলসহ সকল বিবরণ উল্লেখক্রমে সরকারী গেজেটে এবং অন্যান্য ২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে ।

(৫) এই ধারার অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তির মালিকানা রাষ্ট্রের উপর ন্যস্ত হইবে এবং বাজেয়াপ্ত করিবার তারিখে সম্পত্তিটি যাহার জিম্মায় বা মালিকানায় থাকিবে তিনি, যথাশীঘ্র সম্ভব, উক্ত সম্পত্তির দখল রাষ্ট্রের বরাবরে হস্তান্তর করিবেন ।

১৮। ev†RqvβKZ মর্শুঁঐ †di Z c0vb t-- (১) ধারা ১৭ এর অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তিতে দোষী ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির কোন স্বত্ব, স্বার্থ বা অধিকার থাকিলে তিনি উহা ফেরত পাইবার জন্য বাজেয়াপ্তকরণের বিজ্ঞপ্তি পত্রিকায় সর্বশেষ প্রচারের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে পারিবেন ।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদনপ্রাপ্ত হইলে আদালত মামলা দায়েরকারী, দোষী ব্যক্তি এবং আবেদনকারীকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অস্ত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে, যথা :-

(ক) অপরাধ সংঘটনের সহিত আবেদনকারী বা বাজেয়াপ্তকৃত সম্পত্তির কোন সংশ্লেষ ছিল কি না ;

(খ) বাজেয়াপ্ত সম্পত্তি অর্জনে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে কি না;

(গ) অপরাধ সংঘটনের সময়কাল এবং বাজেয়াপ্তকৃত সম্পত্তি আবেদনকারীর মালিকানায় আসিয়াছে এইরূপ দাবিকৃত সময়কাল;

এবং

(ঘ) আদালতের নিকট প্রাসঙ্গিক বিবেচিত অন্য যে কোন তথ্য ।

19| ev†RqvBKiy Av††ki wei††x Avcxj t-- (১) এই আইনের অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ ব্যক্তি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন ।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে আপীল আদালত উভয় পক্ষকে, শুনানীর যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অস্ত্রে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে ।

20| ev†RqvBKZ m†úwEi wb®úwEKiy c††uqv t-- (১) এই আইনের অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত হইলে, সরকার, যেই সম্পত্তি অন্য কোন আইনের অধীন ধ্বংস করিতে হইবে সেই সম্পত্তি ব্যতীত অন্যান্য সম্পত্তি, প্রকাশ্য নিলামে বা বাণিজ্যিকভাবে লাভজনক অন্য কোন আইনসম্মত উপায়ে বিক্রয় বা অন্য কোনভাবে নিষ্পত্তি করিতে পারিবে ।

(২) উপ-ধারা (১) এর অধীন সম্পত্তি বিক্রয় বা অন্য কোনভাবে নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা হইবে ।

২১ | Aei "xKZ,t†wKKZ ev ev†RqvBKZ m†úwEi i††Y††e††††Yi Rb" e"e"vcK ev ZE†avqK wb††qvM t-- এই আইনের অধীন কোন সম্পত্তি অবরুদ্ধ,ক্রোক বা বাজেয়াপ্ত করা হইলে, তদন্তকারী সংস্থা বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে উক্তরূপ সম্পত্তির সম্পূর্ণ বা আংশিক নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, তদারকি বা অন্য কোনভাবে নিষ্পত্তির জন্য, আদালত, স্বীয় বিবেচনায়, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ শর্তে কোন ব্যক্তি বা আইনী সত্তাকে উক্ত সম্পত্তির ব্যবস্থাপক বা তত্ত্বাবধায়ক নিয়োগ করিতে পারিবে ।

22| Avcxj t-- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুন না কেন, আদালত কর্তৃক এই আইনের অধীন প্রদত্ত কোন আদেশ, রায়, ডিক্রি বা আরোপিত দণ্ড দ্বারা সংক্ষুদ্ধ পক্ষ, উক্তরূপ আদেশ, রায়, ডিক্রি বা দণ্ডাদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবে ।

23| gw†j Úw†s Aciva `gb I c††Z††iv††a evsj v††k e"v††Ki ††gZv I `wqZ††t-- (১) মানিলভারিং অপরাধ দমন ও প্রতিরোধ এবং উক্তরূপ অপরাধমূলক তৎপরতা রোধ করিবার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের নিরূপ ক্ষমতা ও দায়িত্ব থাকিবে, যথা :-

(ক) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থায় নগদ লেনদেন এবং সকল সন্দেহজনক লেনদেন সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা এবং উহার ডাটা সংরক্ষণ করা;

(খ) কোন লেনদেন মানিল্ডারিং এর সহিত সম্পৃক্ত বলিয়া বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকিলে রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে উক্তরূপ লেনদেন সম্পর্কিত যে কোন তথ্য বা প্রতিবেদন সংগ্রহ করা;

(গ) কোন অপরাধ সংঘটনের মাধ্যমে কোন অর্থ বা সম্পত্তি কোন ব্যক্তির হিসাবে জমা হইয়াছে মর্মে সন্দেহ করিবার যুক্তিসংগত কারণ থাকিলে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে অনধিক ৩০(ত্রিশ) দিনের জন্য কোন হিসাবের লেনদেন স্থগিত বা বন্ধ রাখিবার নির্দেশ প্রদান করা;

তবে শর্ত থাকে যে, উক্ত হিসাবের লেনদেন সম্পর্কিত সঠিক তথ্য উৎসর্গের প্রয়োজন দেখা দিলে লেনদেন স্থগিত বা বন্ধ রাখিবার মেয়াদ আরো ৩০(ত্রিশ) দিন বর্ধিত করা যাইবে;

(ঘ) মানিল্ডারিং প্রতিরোধ করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাকে, সময় সময়, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

(ঙ) রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক যাচিত তথ্য বা প্রতিবেদন সঠিকভাবে প্রেরণ করিয়াছে কিনা কিংবা তদকর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করিয়াছে কিনা তাহা তদারকি করা এবং, প্রয়োজনে, রিপোর্ট প্রদানকারী সংস্থা কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা;

(চ) এই আইনের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাসহ বাংলাদেশ ব্যাংকের বিবেচনায় যে কোন সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থাসহ সভা, সেমিনার ইত্যাদির আয়োজন করা।

(ছ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্য যে কোন কার্য সম্পাদন করা।

(২) মানিল্ডারিং বা সন্দেহজনক লেনদেন তদন্তে তদন্তকারী সংস্থা কোন তথ্য সরবরাহের অনুরোধ করিলে, প্রচলিত আইনের আওতায় বা যদি অন্য কোন কারণে বাধ্যবাধকতা না থাকে, তাহা হইলে বাংলাদেশ ব্যাংক উক্ত তথ্য প্রদান করিবে।

24 | dvBb`wYqyj Bb&Uwj †RÝ BDwbU (FIU) cŹŌv t-- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ব্যাংকে ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU) নামে একটি ইউনিট থাকিবে।

(২) এই আইনের বিধান অনুযায়ী অন্য কোন দেশের সহিত সম্পাদিত কোন চুক্তি বা ব্যবস্থার অধীন সংশ্লিষ্ট দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট মানিল্ডারিং বা কোন সন্দেহজনক লেনদেন সম্পর্কে কোন তথ্য চাহিলে ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট যাচিত তথ্যাদি সরবরাহ করিবে এবং অন্য কোন দেশের নিকট হইতে কোন সন্দেহজনক লেনদেন সম্পর্কে যে কোন তথ্য চাহিতে পারিবে।

25 | gwboj Ūwis Aciva cŹŹi v†a wi †cvU©cŪ vbKvi x ms`vi `vq-`wqZ; t-- (১) মানিল্ডারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার নিম্নরূপ দায়-দায়িত্ব থাকিবে, যথা :-

(ক) উহার গ্রাহকের হিসাব পরিচালনাকালে গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করা;

(খ) কোন গ্রাহকের হিসাব বন্ধ হইলে বন্ধ হওয়ার তারিখ হইতে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত উক্ত হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা;

(গ) দফা (ক) ও (খ) এর অধীন সংরক্ষিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক, সময় সময় সরবরাহ করা;

(ঘ) কোন হিসাবে মানিলিভারিং জড়িত থাকিতে পারে এইরূপ সন্দেহ হইলে স্ব-উদ্যোগে অবিলম্বে বাংলাদেশ ব্যাংককে অবহিত করা ।

(২) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধান সংঘন করিলে বাংলাদেশ ব্যাংক--

(ক) উক্ত সংস্থাকে অন্যান্য ১০(দশ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে; এবং

(খ) দফা (ক) এর অধীন আরোপিত জরিমানার অতিরিক্ত উক্ত সংস্থার ব্যবসায়িক কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং, ক্ষেত্রমত, উক্তরূপ অনুমতি বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করিবে, যাহাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ স্ব-স্ব আইন বা বিধি মোতাবেক উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারে ।

(৩) উপ-ধারা (২) এর অধীন আরোপিত জরিমানার অর্থ বাংলাদেশ ব্যাংক তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আদায় করিবে এবং আদায়কৃত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা করিবে ।

26 | $\text{net}^{\text{t}} \text{ix} \text{iv} \text{to}^{\text{t}} \text{m} \text{m} \text{Z} \text{P} \text{m}^{\text{t}} \text{t} \text{--}$ (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা, ক্ষেত্রমত, বাংলাদেশ ব্যাংক কোন সমঝোতা স্মারক, দ্বি পাক্ষিক বা বহু পাক্ষিক চুক্তি, কনভেনশন বা আন্তর্জাতিক আইনে স্বীকৃত অন্য কোনভাবে কোন বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত চুক্তি করিতে পারিবে ।

(২) এই ধারার অধীন সরকার বা বাংলাদেশ ব্যাংক কোন বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত চুক্তিবদ্ধ হইলে মানিলিভারিং অপরাধ প্রতিরোধে সরকার বা, ক্ষেত্রমত, বাংলাদেশ ব্যাংক--

(ক) উক্ত বিদেশী রাষ্ট্র বা সংস্থার নিকট প্রয়োজনীয় তথ্যাদি চাহিতে পারিবে; এবং

(খ) উক্ত বিদেশী রাষ্ট্র এবং সংস্থা কর্তৃক যাচিত তথ্যাদি, জাতীয় নিরাপত্তার প্রতি হুমকি না হইলে, সরবরাহ করিবে ।

(৩) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন চুক্তির অধীন কোন বিদেশী রাষ্ট্রের আদালতের কোন আদেশ কার্যকর করিবার জন্য বাংলাদেশে অবস্থিত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার বা ফেরত দেওয়ার প্রয়োজন হইলে বাংলাদেশ ব্যাংকের আবেদনক্রমে আদালত যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে; একইভাবে বাংলাদেশে আদালতের বাজেয়াপ্তকরণ আদেশ বা উক্ত সম্পত্তি ফেরত আনার আদেশ বাস্তবায়নের জন্য চুক্তি বা সমঝোতা স্মারকের অধীনস্থ রাষ্ট্রকে অনুরোধ করিতে পারিবে ।

27 | $\text{tKv}^{\text{t}} \text{uv} \text{bx} \text{BZ}^{\text{t}} \text{w}^{\text{t}} \text{KZ}^{\text{t}} \text{Aciva} \text{msNUb} \text{t} \text{--}$ (১) এই আইনের অধীন কোন অপরাধ কোন কোম্পানী কর্তৃক সংঘটিত হইয়া থাকিলে উক্তরূপ অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানী এইরূপ প্রত্যেক মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন ।

e'vL'v :- এই ধারায়--

- (ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি বা এক একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত সংগঠনও অন্তর্ভুক্ত হইবে; এবং
- (খ) "পরিচালক" বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামেই অভিহিত হউক এর সদস্যকেও বুঝাইবে ।

(২) কোন কোম্পানী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানিলভারিং এর সাথে জড়িত থাকিলে উক্ত কোম্পানীর নিবন্ধন বাতিলযোগ্য হইবে ।

২৮। mij vek/ım KZ Kvh@i ¶¶Y :- এই আইন বা বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকার বা সরকারের কোন কর্মকর্তা-কর্মচারী বা কোন রিপোর্ট প্রদানকারী সংস্থার বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না ।

২৯। mewa c¶q¶bi ¶¶gZv :- সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে ।

৩০। আইনের Bsti Rx Abpıv` c¶Kıv :- (১) এই আইনের প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে ।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে ।

৩১। imnZKiY I tndıvRZ :- (১) মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ১২ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল ।

(২) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও উক্ত অধ্যাদেশের অধীন দায়েরকৃত কোন মামলা বা গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উহা এই আইনের অধীন দায়েরকৃত বা গৃহীত হইয়াছে ।

**ANTI-MONEY LAUNDERING & TERRORIST FINANCING QUESTIONNAIRE FOR
CORRESPONDENT RELATIONSHIP**

A. BASIC INFORMATION

1. Name of the Institution: _____
 2. Registered Address: _____
 3. Website Address: _____
 4. Principal Business Activities: _____
 5. Regulatory Authority: _____
 6. Operational Status: _____

Does your Bank maintain a physical presence in the licensing country? Yes No

B. OWNERSHIP/MANAGEMENT

1. Is your institution listed in any stock exchange? Yes No

If so, which stock exchange?

2. If “No” to Q1, please provide a list of the major shareholders holding more than 10% shares in your institution.

C. ANTI-MONEY LAUNDERING AND TERRORIST FINANCING CONTROLS

Additional information to be incorporated at the end of the questionnaire, if your answer is “no” to any of the following questions

I. General AML/CFT Policies, Practices and Procedures:

| | | |
|----|---|--|
| 1. | Does your institution have policies and procedures approved by your institution’s board or senior management to prevent money laundering and combating terrorism financing? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 2. | Does your institution have a legal and regulatory compliance program that includes a designated officer that is responsible for coordinating and overseeing the AML/CFT framework? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 3. | Has your institution developed written policies documenting the processes to prevent, detect and report suspicious transactions? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 4. | Does your institution have a policy prohibiting accounts/relationships with shell banks?(A Shell Bank is defined as a bank incorporated in a jurisdiction in which it has no physical presence and which is unaffiliated with a regulated financial group). | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 5. | Does your institution permit the opening of anonymous or numbered accounts by customers? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 6. | Does your institution have policies to reasonably ensure that they will not conduct transactions with or on behalf of shell banks through any of its accounts or products? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 7. | Does your institution have policies covering relationships with Politically Exposed Persons (PEP’s), their family and close associates? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 8. | Does your institution have policies and procedures that require keeping all the records related to customer identification and their transactions? If “yes”, how long? _____ | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |

II. Risk Assessment

| | | |
|----|--|--|
| 1. | Does your institution have a risk-based assessment of its customer base and their transactions? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 2. | Does your institution determine the appropriate level of enhanced due diligence necessary for those categories of customers and transactions for those that have reason(s) to pose a heightened risk of illicit activities at or through the FI? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |

III. Know Your Customer, Due Diligence and Enhanced Due Diligence

| | | |
|----|---|--|
| 1. | Has your institution implemented processes for the identification of Beneficial Ownership (those customers on whose behalf it maintains or operates accounts or conducts transactions)? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 2. | Does your institution have a requirement to collect information regarding its customers' business activities? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 3. | Does your institution have a process to review and, where appropriate, update customer information relating to high risk client information? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 4. | Does your institution have procedures to establish a record for each new customer noting their respective identification documents and 'Know Your Customer' information? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 5. | Does your institution complete a risk-based assessment to understand the normal and expected transactions of its customers? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |

IV. Reportable Transactions for Prevention and Detection of ML/TF

| | | |
|----|--|--|
| 1. | Does your institution have policies or practices for the identification and reporting of transactions that are required to be reported to the authorities? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 2. | Where cash transaction reporting is mandatory, does your institution have procedures to identify transactions structured to avoid such obligations? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 3. | Does your institution screen customers and transactions against lists of persons, entities or countries issued by government/competent authorities? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 4. | Does your institution have policies to reasonably ensure that it only operates with correspondent banks that possess licenses to operate in their countries of origin? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |

V. Transaction Monitoring

| | |
|--|--|
| Does your institution have a monitoring program for unusual and potentially suspicious activity that covers funds transfers and monetary instruments such as travelers' checks, money orders, etc? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
|--|--|

VI. AML Training

| | | |
|----|--|--|
| 1. | Does your institution provide AML & CFT training to relevant employees of your organization? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 2. | Does your institution communicate new AML related laws or changes to existing AML related policies or practices to relevant employees? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |
| 3. | Does your institution provide AML training to relevant third parties if they are employed to carry out some of the functions of your organisation? | <input type="checkbox"/> Yes <input type="checkbox"/> No |

Space for additional information:

(Please indicate which question the information is referring to.)

.....
.....
.....

D. General

Does the responses provided in this Declaration applies to the following Yes No entities:

- Head Office and all domestic branches
- Overseas branches
- Domestic subsidiaries
- Overseas subsidiaries

If the response to any of the above is “No”, please provide a list of the branches and/or subsidiaries that are excluded, including the name of the institution, location and contact details.

I, the undersigned, confirm to the best of my knowledge that the information provided in the questionnaire is current, accurate and representative of the anti-money laundering and anti-terrorist financing policies and procedures that are established in my institution.

I also confirm that I am authorized to complete this questionnaire on behalf of my institution.

Signature: _____
Name: _____
Designation: _____
Date: _____
Contact No: _____
E-mail: _____

Customer Acceptance Policy

“Customers are vitally important for banking business. Increasing competition is forcing banks to pay much more attention to satisfy customers. Our motto is to extend best services to our customers. We are also aware that sometimes customers pose the risk of money laundering and financing of terrorism to the financial institutions particularly the banks. So the inadequacy or absence of KYC standards can result in serious customer and counterparty risks, especially reputation, operational, legal and compliance risks. Collecting sufficient information about our customers is the most effective defense against being used as the medium to launder the proceeds of crimes and to finance the terrorism through bank accounts. As per Sec. 25 of Money Laundering Prevention Act, 2009 each bank requires to keep satisfactory evidence of the identity of those it deals with and also requires making necessary arrangement to prevent any transaction related to crimes as described in Anti Terrorism Act, 2009. It is also the responsibility of each bank to identify suspicious transactions of their customers with due care and diligence.

Pursuant to above legal bindings, Sec. 5.3 of Guidance Notes on Prevention of Money Laundering issued by Bangladesh Bank and apropos to international standard Janata Bank Limited has developed the Customer Acceptance Policy as under:

- 1) No account shall be opened in anonymous or fictitious name.
- 2) No numbered account shall be opened.
- 3) Uniform A/C Opening Forms, KYC Profile Form and Transaction Profile Form developed in line with the guidelines of Bangladesh Bank should be properly filled in.
- 4) Customers' risk must be assessed as per parameters of risk perception as clearly defined in KYC Profile Form.
- 5) Documentation requirements and other information must be collected keeping in mind the instructions contained in AML Circular No. 2 dated 17.06.2002, the requirements of the MLP Act, 2009, the Anti-Terrorism Act, 2009 and other Circulars and guidelines issued by Bangladesh Bank from time to time.
- 6) The branch shall not open an account, where the bank is unable to apply appropriate customer due diligence measures i.e. the branch is unable to verify the identity and/or obtain documents required due to non-cooperation of the customer or non reliability of the data/information furnished to the branch. But the branch must be careful to avoid unnecessary harassment of the customer.
- 7) If it becomes necessary to close an existing account due to non-cooperation of the customer in providing necessary documents/information required by law/regulatory authority or non-reliability of the information/documents furnished by the customer, the branch must be vigilant in doing so. For example, decision to close an account should be taken at a reasonably high level after giving due notice to the customer explaining the reasons for such a decision.
- 8) In case of opening a Politically Exposed Person's (PEP) account, the branch shall comply the instructions contained in AML Circular No. 14 & 24 issued by Bangladesh Bank. Such types of account will be classified as high risk and will be required very high level monitoring.
- 9) At the time of opening new account the branch must take care to seek only such information from the customer which is relevant and is not intrusive. It is mentioned that the customer profile is a confidential document and the details contained therein shall not be divulged for any other purposes.
- 10) Source of funds, income or wealth and complete information on the actual or beneficial owners of the accounts holding 20% or more share of the account must be obtained at the time of opening of any account.
- 11) The branch will strive not to cause inconvenience to the general public, especially those who are financially or socially disadvantaged.
- 12) The branch will conduct necessary checks before opening a new account so as to ensure that the identity of the customer does not match with any person with known criminal background or with banned entities such as individual terrorists or terrorist organizations etc.
- 13) In case of establishing correspondent banking relationship, the branch/concerned division/department shall follow the guidelines as contained in AML Circular No. 7 & 24 meticulously.
- 14) The branch shall verify the identity of the customer using reliable sources, documents etc. but it must retain copies of all references, documents used to verify the identity of the customer.
- 15) The branches, where locker service facilities exist, will follow the identification procedure for their customers.

It is important to bear in mind by all employees of the bank that the customer identification process does not end at the point of application. Once account relationship has been established, reasonable steps should be taken by the branch from time to time to ensure that descriptive information is kept updated. "

--X--